গ ঘনকোণ ঘ বেগ

◆ গ ঘনকোণ

Explanation:

মাত্রাহীন এককযুক্ত রাশি হল ঘনকোণ।

4. ঘনকোনের একক কী ?

ক ডিগ্রি খ স্টেরেডিয়ান
গ মিনিট ঘ রেডিয়ান

◆ খ স্টেরেডিয়ান

Explanation:

ঘনকোণের একক হল স্টেরেডিয়ান।

5. সাধারণ তুলাযন্ত্র দিয়ে মাপা হয় -

ক ভর খ দৈর্ঘ্য
গ ওজন ঘ আয়তন

◆ ক ভর

Explanation:

সাধারণ তুলাযন্ত্রের সাহায্যে বস্তুর ভর মাপা হয়।

6. বস্তুর ওজন পরিমাপ করা হয়—

ক সাধারণ তুলাযন্ত্র খ স্প্রিং তুলাযন্ত্র
গ মাপক চোঙ ঘ স্লাইড ক্যালিপার্স

◆ খ স্প্রিং তুলাযন্ত্র

Explanation:

স্প্রিং তুলাযন্ত্রের সাহায্যে বস্তুর ওজন মাপা হয়।

7. কার্যের মাত্রীয় সংকেত -

ক $[ML^2T^{-3}]$ খ $[M^0L^0T^0]$
গ $[ML^2T^{-2}]$ ঘ $[M^1L^1T^{-1}]$

◆ গ $[ML^2T^{-2}]$

Explanation:

কার্যের মাত্রীয় সংকেত $[ML^2T^{-2}]$

8. পরমাণুর ব্যাস নির্ণয় করা হয় -

ক মাইক্রন খ পারসেক
গ কিলোমিটার ঘ রেডিয়ান

◆ ক মাইক্রন

Explanation:

পরমাণুর ব্যাস মাইক্রন-এ নির্ণয় করা হয়।

9. S.I পদ্ধতিতে সার্বজনীন গ্যাস ধ্রুবকের মান -

ক 8.314 $J/mol^{-1}K^{-1}$
খ 8.314 $Jmol\ K^{-1}$
গ 8.314 $Jmol^{-1}\ K^{-1}$
ঘ 8.314 $Jmol/K^{-1}$

◆ গ 8.314 $Jmol^{-1}\ K^{-1}$

Explanation:

S.I পদ্ধতিতে সার্বজনীন গ্যাস ধ্রুবকের মান 8.314 $Jmol^{-1}\ K^{-1}$.

10. 1 সৌর সেকেন্ড বলতে কী বোঝ ?

ক গড় সৌরদিনের 3600 ভাগের একভাগ
খ গড় সৌরদিনের 24 ভাগের একভাগ
গ গড় সৌরদিনের 86200 ভাগের একভাগ
ঘ গড় সৌরদিনের 86400 ভাগের একভাগ

◆ ঘ গড় সৌরদিনের 86400 ভাগের একভাগ

Explanation:

গড় সৌরদিনের 86400 ভাগের একভাগ সময় হল 1 সৌর সেকেন্ড।

11. প্রমাণ সময়ের মান -

ক 1 মিনিট খ 1 দিন
গ 1 ঘন্টা ঘ 1 সেকেন্ড

◆ ঘ 1 সেকেন্ড

Explanation:

প্রমাণ সময়ের মান 1 সেকেন্ড।

12. S.I পদ্ধতিতে পদার্থের আয়তন C.G.S. পদ্ধতির আয়তনের -

ক 10 গুণ　　খ 10^6 গুণ
গ সমান　　ঘ 10^9 গুন

◆ খ 10^6 গুণ

Explanation:

S.I পদ্ধতিতে পদার্থের আয়তন C.G.S. পদ্ধতির আয়তনের 10^6 গুণ।

13. ওজন বাক্সের বাটখারাগুলির ভরের অনুপাত -

ক 5 : 4 : 3 : 2　　খ 5 : 3 : 1 : 1
গ 5 : 1 : 2 : 3　　ঘ 5 : 2 : 2 : 1

◆ ঘ 5 : 2 : 2 : 1

Explanation:

ওজন বাক্সের বাটখারাগুলির ভরের অনুপাত 5 : 2 : 2 : 1।

14. এক আলোকবর্ষ বলতে বোঝায় -

ক 9.46×10^{15} মিটার
খ 9.46×10^{24} মিটার
গ 9.46×10^{10} মিটার
ঘ 9.46×10^{20} মিটার

◆ ক 9.46×10^{15} মিটার

Explanation:

এক আলোকবর্ষ বলতে বোঝায় 9.46×10^{15} মিটার।

15. S.I পদ্ধতিতে একটি মূল একক -

ক নিউটন　　খ ওহম
গ কিলোগ্রাম　　ঘ পাস্কাল

◆ গ কিলোগ্রাম

Explanation:

S.I পদ্ধতিতে মূল একক হল কিলোগ্রাম।

16. 1 ফেমটোমিটার বলতে বোঝায় -

ক 10^{-15} m　　খ 10^{-6} m
গ 10^{-8} m　　ঘ 10^{-13} m

◆ ক 10^{-15} m

Explanation:

1 ফেমটোমিটার বলতে বোঝায় 10^{-15} m।

17. বেগের মাত্রীয় সংকেত -

ক $[LT^{-1}]$　　খ $[LT]$
গ $[MLT^{-1}]$　　ঘ $[LT^{-2}]$

◆ উঃ ক $[LT^{-1}]$

Explanation:

$[LT^{-1}]$ হল বেগের মাত্রীয় সংকেত।

18. মন্দনের মাত্রীয় সংকেত কী?

ক $[LT^{-1}]$　　খ $[LT]$
গ $[LT^{-2}]$　　ঘ $[L^2T]$

◆ গ $[LT^{-2}]$

Explanation:

$[LT^{-2}]$ হল মন্দনের মাত্রীয় সংকেত।

19. দৈর্ঘ্যের বৃহত্তম একক -

ক পারসেক　　খ মেগামিটার
গ আলোকবর্ষ　　ঘ আংস্ট্রম

◆ ক পারসেক

Explanation:

পারসেক হল দৈর্ঘ্যের বৃহত্তম একক।

20. লম্বন ত্রুটি -

ক মাপনী চোঙে দেখা যায়
খ তুলাযন্ত্রে দেখা যায়
গ স্কেল ও মাপনী চোঙে দেখা যায়
ঘ স্কেলে দেখা যায়

◆ গ স্কেল ও মাপনী চোঙে দেখা যায়

Explanation:

লম্বন ত্রুটি স্কেল ও মাপনী চোঙে দেখা যায়।

21. কার্যের সমমাত্রিক রাশি -

ক ভরবেগ　　খ শক্তি
গ বল　　ঘ দ্রাব্যতা

◆ খ শক্তি

Explanation:

কার্যের সমমাত্রিক একক হল শক্তি।

22. দৈর্ঘ্যের ক্ষুদ্রতম একক -

ক ফার্মি　　খ মাইক্রন
গ মিলিমিটার　　ঘ ন্যানোমিটার

◆ ক ফার্মি

Explanation:

ফার্মি হল দৈর্ঘ্যের ক্ষুদ্রতম একক।

23. 1Au-এর সমান -

ক পৃথিবী ও সূর্যের মধ্যে গড় দূরত্ব
খ চন্দ্র ও সূর্যের গড় দূরত্ব
গ পৃথিবী ও চন্দ্রের গড় দূরত্ব
ঘ সৌরজগতের গড় দূরত্ব

◆ ক পৃথিবী ও সূর্যের মধ্যে গড় দূরত্ব

Explanation:
পৃথিবী ও সূর্যের মধ্যে গড় দূরত্ব 1Au-এর সমান।

24. মাত্রাহীন ভৌতরাশির সংকেত -

ক $[M^0L^0T^0]$ খ $[MLT^{-1}]$
গ $[MLT]$ ঘ $[MLT^{-2}]$

◆ ক $[M^0L^0T^0]$

Explanation:
$[M^0L^0T^0]$ হল মাত্রাহীন ভৌতরাশির সংকেত।

25. কোন দুটি রাশি সমমাত্রীয়?

ক বেগ ও ত্বরণ খ দ্রুতি ও বেগ
গ বল ও ভরবেগ ঘ সরণ ও কার্য্য

◆ খ দ্রুতি ও বেগ

Explanation:
দ্রুতি ও বেগ হল দুটি সমমাত্রীয় রাশি।

26. ভর মাপার বড়ো একক হল -

ক মিলিগ্রাম খ আউন্স
গ কুইন্টাল ঘ ক্যারেট

◆ গ কুইন্টাল

Explanation:
কুইন্টাল হল ভর মাপার বড়ো একক।

27. অসম আকৃতির বস্তুর আয়তন নির্ণয় করা যায় -

ক তুলাযন্ত্রের সাহায্যে
খ স্টপওয়াচের সাহায্যে
গ মাপক চোঙের সাহায্যে
ঘ স্কেলের সাহায্যে

◆ গ মাপক চোঙের সাহায্যে

Explanation:
মাপক চোঙের সাহায্যে অসম আকৃতির বস্তুর আয়তন নির্ণয় করা যায়।

28. কোনটি মৌলিক একক?

ক পাস্কাল খ ঘনমিটার
গ নিউটন ঘ আলোকবর্ষ

◆ ঘ আলোকবর্ষ

Explanation:
আলোকবর্ষ একটি মৌলিক একক।

29. দীপন প্রাবল্যের একক কী?

ক কেলভিন খ গ্রাম
গ মিটার ঘ ক্যান্ডেলা

◆ ঘ ক্যান্ডেলা

Explanation:
দীপন প্রাবল্যের একক হল ক্যান্ডেলা।

30. প্রায় অপ্রচলিত পরিমাপ পদ্ধতিটি হল -

ক CGS খ FPS
গ SI ঘ উপরের সবকটি

◆ খ FPS

Explanation:
প্রায় অপ্রচলিত পরিমাপ পদ্ধতিটি হল FPS পদ্ধতি।

31. ওজনের মাত্রীয় সংকেত -

ক $[MLT^{-3}]$ খ $[ML^{-1}T^{-2}]$
গ $[MLT^{-2}]$ ঘ $[MLT^{-1}]$

◆ গ $[MLT^{-2}]$

Explanation:
$[MLT^{-2}]$ হল ওজনের মাত্রীয় সংকেত।

32. 3.26 আলোকবর্ষ সমান -

ক 1 পারসেক খ 2 পারসেক
গ 3 পারসেক ঘ কোনোটাই নয়

◆ ক 1 পারসেক

Explanation:
3.26 আলোকবর্ষ সমান 1 পারসেক।

33. সাধারণ তুলাযন্ত্রে সুবেদিতার শর্ত -

ক ছোটো সূচক খ ভারি তুলাদণ্ড
গ ছোটো বাহু ঘ বড়ো সূচক

◆ ঘ বড়ো সূচক

Explanation:
বড়ো সূচক হল সাধারণ তুলাযন্ত্রে সুবেদিতার শর্ত।

34. ধারকত্বের SI একক হল -

ক ওয়েবার খ ওহম
গ ফ্যারাডে ঘ ভোল্ট

◆ গ ফ্যারাডে

Explanation:
ফ্যারাডে হল ধারকত্বের SI একক।

35. কুলম্ব কোন প্রাকৃতিক রাশির SI একক ?

ⓚ রোধ ⓚⓗ আপেক্ষিক রোধ

ⓖ তড়িদাধান ⓖⓗ কম্পাঙ্ক

◆ ⓖ তড়িদাধান

Explanation:

তড়িদাধানের SI একক হল কুলম্ব।

36. নিচের কোনটি মৌলিক একক নয়?

ⓚ জুল ⓚⓗ ফার্মি

ⓖ পারসেক ⓖⓗ সেকেন্ড

◆ ⓚ জুল

Explanation:

জুল একটি মৌলিক একক নয়।

37. 1 অটোসেকেন্ড = কত সেকেন্ড ?

ⓚ 10^{-18} ⓚⓗ 10^{-12}

ⓖ 10^{18} ⓖⓗ 10^{-12}

◆ ⓚ 10^{-18}

Explanation:

1 অটোসেকেন্ড = 10^{-18} সেকেন্ড।

38. 4°C উষ্ণতায় 1 মিলিলিটার জলের ভর -

ⓚ 1 আউন্স ⓚⓗ 1 গ্রাম

ⓖ 1 কিলোগ্রাম ⓖⓗ 1 পাউন্ড

◆ ⓚⓗ 1 গ্রাম

Explanation:

4°C উষ্ণতায় 1 মিলিলিটার জলের ভর 1 গ্রাম।

39. তুলাযন্ত্রের বাহু লম্বা হলে —

ⓚ তুলাযন্ত্রটি সুবেদী হয়

ⓚⓗ তুলাযন্ত্রটি নির্ভুল হয়

ⓖ তুলাযন্ত্রটি দৃঢ় হয়

ⓖⓗ তুলাযন্ত্রটি সুস্থিত হয়

◆ ⓚ তুলাযন্ত্রটি সুবেদী হয়

Explanation:

তুলাযন্ত্রের বাহু লম্বা হলে তুলাযন্ত্রটি সুবেদী হয়।

40. এমন একটি যন্ত্রের নাম লেখো যার দ্বারা সঠিকভাবে 0.001 cm দৈর্ঘ্য মাপা যায় ?

ⓚ স্লাইড ক্যালিপার্স ⓚⓗ স্ক্রু গেজ

ⓖ স্কেল ⓖⓗ কোনোটিই নয়

◆ ⓚⓗ স্ক্রু গেজ

Explanation:

স্ক্রু গেজ দ্বারা সঠিকভাবে 0.001 cm দৈর্ঘ্য মাপা যায়।

শূন্যস্থান পূরণ করো — প্রশ্নমান 1

1. SI-তে মৌলিক এককের সংখ্যা হল ________ টি।

➢ 7

2. আয়তনের একক হল ________ একক।

➢ লব্ধ

3. কোনো পদার্থের একক ________ -এর ভরকে ওই পদার্থের ________ বলা হয়।

➢ আয়তন, ঘনত্ব

4. লিটারের সংজ্ঞায় ________ K উষ্ণতার উল্লেখ থাকে।

➢ 277

5. $1 g/cm^3$ = ________ kg/m^3।

➢ 1000

6. 1 AU হল পৃথিবী থেকে ________ -এর গড় দুরত্ব।

➢ সূর্য

7. 1 আলোকবর্ষ = ________ কিলোমিটার।

➢ 9.46×10^{12}

8. যে রাশিমালার সাহায্যে মূল এককগুলির মাত্রার সঙ্গে কোনো ভৌত রাশি কীভাবে সম্পর্কযুক্ত তা বলা হয়, তাকেই রাশিটির ________ বলে।

➢ মাত্রীয় সংকেত

9. T^{-1} হল ________ মাত্রীয় সংকেত।

➢ কম্পাঙ্কের

10. একই মাত্রীয় সংকেতবিশিষ্ট দুটি রাশি হল চাপ এবং ________।

➢ পীড়ন

11. কোনো ভৌত রাশির মাত্রীয় সংকেত $M^xL^YT^Z$ যেখানে x = 1, y = 2, z = −2। রাশিটি হল ________।

➢ কার্য বা শক্তি

12. সাধারণ হাতঘড়ির সময় পরিমাপের সর্বনিম্ন সীমা হল ________।

➢ 1 s

13. ________ চোঙ ও স্টপওয়াচের সাহায্যে কল থেকে জল পড়ার হার নির্ণয় করা যায়।

➢ আয়তন মাপক

14. **সাধারণ তুলাযন্ত্রের স্তম্ভটা উল্লম্বভাবে আছে কি না তা ________ -এর সাহায্যে বোঝা যায়।**

➢ ওলন দড়ি

15. **অসম আকৃতির কঠিন পদার্থের ________ পরিমাপ করতে মাপনী চোঙ ব্যবহার করা হয়।**

➢ আয়তন

সত্য–মিথ্যা নির্বাচন করো (প্রশ্নমান 1)

1. মূল এককগুলি পরস্পরের ওপর নির্ভরশীল নয়। **সত্য**

2. ভরবেগের এককের মধ্যে তিনটি মূল একক বর্তমান। **সত্য**

3. উষ্ণতার পরিবর্তনে ঘনত্বের কোনো পরিবর্তন হয় না। **মিথ্যা**

4. পরিমাপযোগ্য প্রতিটি ভৌত রাশিরই একক আছে। **মিথ্যা**

5. ML^2T^{-3} হল ক্ষমতার মাত্রীয় সংকেত। **সত্য**

6. এককবিহীন রাশি মাত্রই সেটি মাত্রাহীন রাশি। **সত্য**

7. মাত্রাহীন রাশি মাত্রই সেটি এককবিহীন রাশি নয়। **সত্য**

8. বলের মাত্রা হল ভরে 1, দৈর্ঘ্যে 1, সময়ে –2। **সত্য**

9. $V = K.t$ সমীকরণে V হল বেগ, t হল সময়। K -এর মাত্রীয় সংকেত LT^{-1}। **মিথ্যা**

10. 0.01 cm দৈর্ঘ্য স্লাইড ক্যালিপার্স দিয়ে সঠিকভাবে মাপা যায়। **সত্য**

11. গ্রাফ পেপারের সাহায্যে সুষম আকৃতির পাতের ক্ষেত্রফল নির্ণয় করা সম্ভব নয়। **মিথ্যা**

12. নির্ভুলভাবে সময় মাপার জন্য ইলেকট্রনিক ডিজিট্যাল ঘড়ি ব্যবহার করা হয়। **সত্য**

13. সাধারণ তুলাযন্ত্রের সাহায্যে বস্তুর ভর মাপা যায়। **সত্য**

14. কেবলমাত্র আয়তনমাপক চোঙ ব্যবহার করেই কোনো বস্তুর ঘনত্ব পরিমাপ করা সম্ভব। **মিথ্যা**

15. একটি জলপূর্ণ মাপনী চোঙের সাহায্যে একটি মাটির ঢেলার আয়তন মাপা সম্ভব। **মিথ্যা**

স্তম্ভ মেলাও (প্রশ্নমান 1)

1. **বামস্তম্ভের সঙ্গে ডানস্তম্ভ মেলাও:**

বামস্তম্ভ	ডানস্তম্ভ
(a) আপেক্ষিক গুরুত্ব	(i) ফার্মি
(b) 1 পারসেক	(ii) অ্যামস্ট্রং
(c) নিউক্লিয়াসের ব্যাস	(iii) 3.26 আলোকবর্ষ
(d) পরমাণুর ব্যাস	(iv) মাত্রাহীন

উত্তর (a)-(iv), (b)-(iii), (c)-(i), (d)-(ii)

2. **বামস্তম্ভের সঙ্গে ডানস্তম্ভ মেলাও:**

বামস্তম্ভ	ডানস্তম্ভ
(a) কল থেকে জল পড়ার হার নির্ণয়	(i) গ্রাফ পেপার
(b) অনিয়মিত আকারের বস্তুর আয়তন নির্ণয়	(ii) আয়তনমাপক চোঙ ও স্টপওয়াচ
(c) অসম আকৃতির পাতের ক্ষেত্রফল নির্ণয়	(iii) আয়তনমাপক চোঙ
(d) বক্ররেখার দৈর্ঘ্য নির্ণয়	(iv) স্কেল ও সুতো

উত্তর (a)-(ii), (b)-(iii), (c)-(i), (d)-(iv)

অতিসংক্ষিপ্ত প্রশ্নোত্তর (প্রশ্নমান 1)

1. **কোনো ভৌতরাশির পরিমাপ, রাশিটির পরিমাপের একক এবং পরিমাপের সাংখ্যমানের মধ্যে সম্পর্কটি লেখো।**

➢ যদি ভৌতরাশি পরিমাপকে x, রাশিটির পরিমাপের একককে y এবং পরিমাপের সাংখ্যমানকে z ধরা হয় তাহলে ভৌতরাশির পরিমাপ = সাংখ্যমান × একক

$\therefore x = z \times y$

2. **কয়েকটি লব্ধ রাশির নাম লেখো।**

➢ কয়েকটি লব্ধ রাশি হল ঘনত্ব, তাপ, ত্বরণ, ক্ষেত্রফল, কার্য, ক্ষমতা ও শব্দপ্রাবল্য।

3. **রাশি পরিমাপের ক্ষেত্রে প্রচলিত পদ্ধতিগুলি কী কী?**

➢ রাশি পরিমাপের ক্ষেত্রে CGS, MKS, SI ও FPS এই চারটি একক পদ্ধতি প্রচলিত।

4. " 'ভর' ভেক্টর রাশি নয়"— কেন?

যে সমস্ত রাশির মান ও দিক বা অভিমুখ আছে তাদের ভেক্টর রাশি বলে। 'ভর'-এর মান থাকলেও কোনো অভিমুখ নেই, তাই ভর একটি ভেক্টর রাশি নয়।

5. GPS-এর পুরো কথা কী?

1960 খ্রিঃ আমেরিকা যুক্তরাষ্ট্র প্রচলিত GPS-এর অর্থ হল— Global Positioning System.

6. এমন একটি লব্ধ এককের নাম লেখো যা তিনটি মূল একক দ্বারা গঠিত।

তিনটি মূল একক দ্বারা গঠিত একটি লব্ধ একক হল ভরবেগ।

ভরবেগ = ভর × বেগ।

$= \text{ভর} \times \frac{\text{সরণ}}{\text{সময়}}$

ভরবেগের SI একক $= kgms^{-1}$।

7. কোন ক্ষেত্রে মেট্রোনাম ঘড়ি ব্যবহৃত হয়?

উপগ্রহ উৎক্ষেপণের সময় মেট্রোনাম ঘড়ি ব্যবহার করা হয়। মেট্রোনাম ঘড়িতে সূক্ষ্মভাবে সঠিক সময় পরিমাপ করা যায়। এই ঘড়ির সাহায্যে ন্যানো-সেকেন্ড এককে সময় পরিমাপ করা যায়।

8. কেলভিন কী? এর সংকেত লেখো।

উষ্ণতা পরিমাপের SI একক হল কেলভিন। কেলভিন 'K' দ্বারা প্রকাশিত হয়।

9. রেডিয়ান ও স্টেরেডিয়ান কী?

রেডিয়ান (rad) হল কোণের দ্বিমাত্রিক একক এবং স্টেরেডিয়ান (sr) হল কোণের ত্রিমাত্রিক একক।

10. ব্যারেল বলতে কী বোঝ?

ব্যারেল হল অপরিশোধিত তরল পেট্রোলিয়ামের আয়তনের একক।

1 ব্যারেল = 158.987 লিটার।

11. কোন উষ্ণতায় জলের ঘনত্ব সর্বাধিক?

4°C উষ্ণতায় জলের আয়তন সবথেকে কম হয় এবং জলের ঘনত্ব সবথেকে বেশি হয়।

12. ওজন বাক্সে থাকা বাটখারাগুলির ভরের অনুপাত কী?

ওজন বাক্সে থাকা বাটখারাগুলি 5 : 2 : 2 : 1 অনুপাতে থাকে।

13. বল = F, দৈর্ঘ্য = L এবং সময় = T হলে ভরের মাত্রা কী?

আমরা জানি নিউটনের দ্বিতীয় গতিসূত্র অনুযায়ী

$\text{ভর} = \frac{\text{বল}}{\text{ত্বরণ}}$

সুতরাং ভরের মাত্রা $= \frac{[F]}{[LT^{-2}]} = [FL^{-1}T^{2}]$

14. ক্রোনোমিটার কী?

ক্রোনোমিটার হল একটি ঘড়ি, যা Greenwich Mean Time নির্দেশ করে।

15. কিউসেক বলতে কী বোঝ?

যে এককের সাহায্যে জলপ্রবাহের হার প্রকাশ করা হয়, তাকে কিউসেক বলে।

1 কিউসেক = 28.317 লিটার/সেকেন্ড।

16. পারসেক কী?

দৈর্ঘ্যের বৃহত্তম একককে পারসেক বলা হয়।

1 পারসেক (pc)= 3.0816×10^{13} km লিটার।

17. কোন ভৌতরাশির একক জুল?

কার্য ও শক্তি এই দুটি ভৌতরাশির SI একক জুল।

18. মোল কীসের একক?

মোল হল পদার্থের পরিমাণের SI একক।

19. বার্ণ কী?

বার্ন হল ক্ষেত্রফল পরিমাপের একক। এটি একটি লব্ধ একক।

1 বার্ন $= 10^{-28}$ m^2

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর — প্রশ্নমান 2

1. বেগের একককে লব্ধ একক বলা হয় কেন?

যে সমস্ত লব্ধ রাশির একক, এক বা একাধিক প্রাথমিক বা মৌলিক এককের সমন্বয়ে গঠিত তাদের লব্ধ একক বলা হয়। বেগ একটি ভৌত রাশি। দৈর্ঘ্য এবং সরণের সমন্বয়ে বেগ গঠিত।

আবার সরণের একক = দৈর্ঘ্যের একক.

$\text{তাহলে বেগ} = \frac{\text{সরণ}}{\text{সময়}}$

$\text{বেগের একক} = \frac{\text{দৈর্ঘ্যের একক}}{\text{সময়ের একক}}$

সুতরাং বেগের একক একটি লব্ধ একক।

SI-তে বেগের একক মি./সেকেন্ড।

2. CGS এবং SI পদ্ধতিকে দশমিক পদ্ধতি বলে কেন?

CGS ও SI পদ্ধতিতে কোনো রাশির যে কোনো একক তার ঠিক পরবর্তী ছোটো এককের দশগুণ বা তার আগের বড়ো এককের 1/10 হয়ে থাকে। তাই রাশিটির এক একক থেকে অন্য ছোটো বা বড়ো রাশির একককে পরিবর্তনের সময় শুধু দশমিক বিন্দুর স্থান পরিবর্তন করলেই হয়। অতিরিক্ত গুণ বা ভাগ করার প্রয়োজন হয় না। তাই এই পদ্ধতিটিকে দশমিক পদ্ধতি বলে।

3. কোনো ভৌত রাশির x-এর মাত্রা দৈর্ঘ্যে 2, সময়ে −3 এবং ভরে 0। রাশিটির মাত্রা সংকেত ও মাত্রীয় সমীকরণ কী হবে?

আমরা জানি x রাশির মাত্রা ভরের ক্ষেত্রে = 0

দৈর্ঘ্যের ক্ষেত্রে = 2

x রাশিটির সময়ে মাত্রা = −3

রাশিটির মাত্রীয় সংকেত হবে = $[M^0L^2T^{-3}]$

রাশিটির সমীকরণ $[x] = [M^0L^2T^{-3}]$

4. মাত্রীয় সংকেতের উপযোগিতা কী লেখো।

মাত্রীয় সংকেতের সাহায্যে কোন কোন মূল রাশির সমন্বয়ে একটি লব্ধ রাশি গঠিত হয়েছে তা জানা যায় এবং এই লব্ধ রাশিগুলির উপর নির্ভরশীলতা জানা যায়। মাত্রীয় সংকেত দ্বারা লব্ধ রাশির যেকোনো একক গঠন করা যায়।

5. একাধিক রাশির মাত্রীয় সংকেত এক হতে পারে কি?

একাধিক রাশির একই মাত্রীয় সংকেত এক হতে পারে। কার্য, শক্তি, তাপ এবং বলের ভ্রামক— এদের সকলেরই মাত্রীয় সংকেত এক হয়। অর্থাৎ প্রতিটি রাশির মাত্রা $[ML^2T^{-2}]$। আবার পীড়ন ও চাপ এদের মাত্রীয় সংকেত $[ML^{-1}T^{-2}]$। এর দ্বারা বোঝা যায় যে একাধিক রাশির মাত্রীয় সংকেত এক হতে পারে।

6. বস্তুর ওজন/ভার তুলাযন্ত্রের সাহায্যে পরিমাপ করা যায় না কেন?

সাধারণ তুলাযন্ত্রে সাহায্যে বস্তুর ভর নির্ণয় করা যায়। সাম্যাবস্থায় থাকা তুলাযন্ত্রে কোনো বস্তুর ওজন ও বাটখারার ওজন এক হয়। বস্তুটির ওজন ও বাটখারার ওজনের উপর সম মানের অভিকর্ষজ ত্বরণ প্রভাব ফেলে। তাই পরিমাণ নির্ণয় করার সময় অভিকর্ষজ ত্বরণের কাজ পরিলক্ষিত হয় না। তাই তুলাযন্ত্রের সাহায্যে কোনো বস্তুর ওজন পরিমাপ করা যায় না।

7. প্রমাণ কর $E = mc^2$।

আমরা জানি শক্তি ও কার্যের মাত্রীয় সংকেত

$= [ML^2T^{-2}]$

অর্থাৎ E (শক্তি) = $[ML^2T^{-2}]$

বস্তুর ভর = M

c (শূন্যস্থানে আলোর বেগ) = $[LT^{-1}]$

$\therefore c^2 = [LT^{-1}]^2$

তাহলে সমীকরণ অনুযায়ী, $E = mc^2$

অর্থাৎ বামপক্ষ = $[ML^2T^{-2}]$,

ডানপক্ষ = $M \times [LT^{-1}]^2$

or $[ML^2T^{-2}] = M \times [L^2T^{-2}]$

$ML^2T^{-2} = [ML^2T^{-2}]$

বামপক্ষ = ডানপক্ষ (প্রমাণিত)

8. ভরের মাত্রা নির্দেশ কর, যেখানে বল = F, দৈর্ঘ্য = L এবং সময় = T এই তিনটিই মৌলিক রাশি।

নিউটনের দ্বিতীয় সূত্র অনুযায়ী আমরা জানি,

বল = ভর × ত্বরণ

ত্বরণের মাত্রীয় সংকেত $[LT^{-2}]$

তাহলে ভর = $\frac{\text{বল}}{\text{ত্বরণ}}$

ভর = $\frac{[F]}{[LT^{-2}]}$

$\therefore$ ভরের মাত্রা = $[FL^{-1}T^2]$

9. আপেক্ষিক তাপে মাত্রীয় সংকেত এবং একক লেখ।

আপেক্ষিক তাপের মাত্রীয় সংকেত

$$= \frac{\text{তাপ}}{\text{ভর} \times \text{উষ্ণতা}}$$

$$= \frac{[ML^2T^{-2}]}{[MK]}$$

$$= [ML^2T^{-2}K^{-1}]$$

আপেক্ষিক তাপের SI একক = জুল/কেজি কেলভিন

10. রোধের মাত্রীয় সংকেত ও S.I একক কী?

রোধের মাত্রীয় সংকেত

$= \frac{\text{বিভেদপ্রভেদ}}{\text{তড়িৎপ্রবাহ}}$

অর্থাৎ $\frac{\frac{[ML^2T^{-2}]}{[AT]}}{[A]}$

$= [ML^2T^{-3}A^{-2}]$

রোধের SI একক হল ওহম।

11. MT^{-2} কোন প্রাকৃতিক রাশি? মাত্রীয় সংকেতের SI একক লেখ।

MT^{-2} পৃষ্ঠটানের মাত্রীয় সংকেত।

পৃষ্ঠটান $= \frac{\text{বল}}{\text{দৈর্ঘ্য}}$

$= \frac{[MLT^{-2}]}{[L]}$

$= [ML^0T^{-2}]$

$= [MT^{-2}]$

পৃষ্ঠটানের SI একক হল নিউটন/মিটার।

12. কৌণিক ত্বরণের মাত্রীয় সংকেত নির্ণয় করো।

কৌণিক ত্বরণ $= \frac{\text{কৌণিক বেগ}}{\text{সময়}}$

$= \frac{[M^0L^0T^{-1}]}{[T]} = \frac{[T^{-1}]}{[T]} = [M^0L^0T^{-2}]$

$\left[\text{কৌণিক বেগ} = \frac{1}{T} = [T^{-1}]\right]$

13. কাঁচের বাক্সের মধ্যে তুলাযন্ত্র রাখা হয় কেন?

তুলাযন্ত্রের তুলাপাত্রগুলি খোলা স্থানে থাকলে পাত্রগুলি হাওয়ায় দুলতে থাকে। ফলে সঠিকভাবে পরিমাপ করা যায় না। যন্ত্রটির বিভিন্ন অংশগুলি যাতে অপরিষ্কার না থাকে, তাই কাঁচের বাক্সের মধ্যে তুলাযন্ত্র রাখা হয়।

14. তুলাযন্ত্রের সাহায্যে কৃত্রিম উপগ্রহে ভর পরিমাপ করা যায় না কেন?

আমরা জানি অভিকর্ষ বল বস্তুর ওজন ও বাটখারাকে আকর্ষণ করে সাম্যাবস্থায় আনে। কৃত্রিম উপগ্রহে কোনো অভিকর্ষ বল থাকে না। অভিকর্ষ বলের অভাবে বাটখারা ও বস্তুটি অভিকর্ষ বল দ্বারা আকর্ষিত হয় না। ফলে সাম্যাবস্থায় আসতে পারে না। তাই ভর অপরিবর্তিত থাকে এবং পরিমাপ করা সম্ভব হয় না।

15. অ্যাংস্ট্রম কী?

অ্যাংস্ট্রম হল দৈর্ঘ্য পরিমআপের ক্ষুদ্র একক।

তড়িৎচুম্বকীয় তরঙ্গের দৈর্ঘ্য অ্যাংস্ট্রম দ্বারা প্রকাশিত হয়।

1 অ্যাংস্ট্রম (Å) = 10^{-10} মিটার।

16. 20 লিটার দুধের ভর 24 কিলোগ্রাম। দুধের ঘনত্ব নির্ণয় করো (C.G.S এককে)।

দুধের আয়তন 20 লিটার $= 20\times1000$ সেমি^{3}

= 20000 ঘনসেমি.

দুধের ভর 24 কিলোগ্রাম $= 24\times1000$ গ্রাম

= 24000 গ্রাম

দুধের ঘনত্ব অর্থাৎ $\frac{\text{ভর}}{\text{আয়তন}} = \frac{24000}{20000}$ গ্রাম/সেমি^{3}

= 1·2 গ্রাম/সেমি^{3}

CGS এককে দুধের ঘনত্ব 1·2 গ্রাম/সেমি^{3}

17. সেমি/সেকেন্ড-কে কিমি/ঘণ্টায় রূপান্তর করো।

ধরা যাক দৈর্ঘ্য ও সময়ের মাত্রা L_1 ও T_1

আবার দৈর্ঘ্য ও সময়ের মাত্রা L_2 ও T_2

$\therefore [L_1T_1^{-1}] = x\,[L_2T_2^{-1}]$

$x = \frac{[L_1]}{[L_2]} \times \frac{[T_1]^{-1}}{[T_2]^{-1}}$

$= \frac{\text{সেমি}}{\text{কিমি}} \times \left[\frac{\text{সেকেন্ড}}{\text{ঘণ্টা}}\right]^{-1}$

$= \frac{1}{10^5} \times \left(\frac{1}{3600}\right)^{-1} = \frac{1}{10^5} \times \left(\frac{1}{3.6\times10^3}\right)^{-1}$

$= 3.6\times10^{-2}$

1 সেন্টিমিটার/সেকেন্ড $= 3.6\times10^{-2}$ কিমি/ঘণ্টা.

18. আলোকবর্ষ কী? এটি কী একক?

কোনো শূন্যস্থানে একবছরে আলো 3×10^8 m/s বেগে যে নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করে, তাকে আলোকবর্ষ বলে।

আলোকবর্ষ একটি প্রাথমিক একক।

আলোকবর্ষের সাহায্যে আমরা একটি নির্দিষ্ট দৈর্ঘ্যের পরিমাপ পাই। দৈর্ঘ্য একটি প্রাথমিক একক। তাই আলোকবর্ষও একটি প্রাথমিক একক।

19. পৃথিবী থেকে সূর্যের দূরত্ব কত?

আমরা জানি পৃথিবীতে সূর্যের আলো এসে পৌঁছাতে সময় লাগে 8 মিনিট 20 সেকেন্ড।

তাহলে, 8 মিনিট 20 সেকেন্ডে

$= \{(8\times60) + 20\}$ Sec $= 500$ Sec.

আলো 1 সেকেন্ডে 3×10^8m দূরত্ব অতিক্রম করে।

" 500 " $(3\times10^8\times500)$ " " "

$= 1500\times10^8$m

আমরা জানি, 1 আলোকবর্ষ $= 9{\cdot}46\times10^{15}$

তাহলে $9{\cdot}46\times10^{15}$m $= 1$ আলোকবর্ষ

$$1\text{m} = \frac{1}{9.46\times10^{15}} \quad ''$$

$$\therefore\ 1500\times10^8\text{m} = \frac{1\times1500\times10^8}{9.46\times10^{15}} \quad ''$$

$= 158{\cdot}56\times10^{-7}$ আলোকবর্ষ

$= 1{\cdot}58\times10^{-5}$ আলোকবর্ষ

দীর্ঘ উত্তরভিত্তিক প্রশ্নোত্তর — প্রশ্নমান 3

1. ভৌতরাশির একক বলতে কী বোঝো? পরিমাপে এককের প্রয়োজনীয়তা কী?

কোনো ভৌতরাশি পরিমাপের জন্য নির্দিষ্ট ভৌতরাশির একটি নির্দিষ্ট ও সুবিধাজনক পরিমাণকে standard হিসাবে ধরা হয়। সেই নির্দিষ্ট ও সুবিধাজনক পরিরমাণের সাপেক্ষ অন্য একই জাতীয় রাশিগুলির পরিমাপ করা হয়। ওই নির্দিষ্ট ও সুবিধাজনক পরিমাণকেই ভৌতরাশির একক বলে।

এককের প্রয়োজনীয়তা ঃ

ⓐ একক ছাড়া কোনো ভৌতরাশির পরিমাপের সঠিক ধারণা পাওয়া যায় না।

ⓑ একই জাতীয় ভিন্ন ভিন্ন ভৌত রাশির পরিমাপের পার্থক্য করা যায়।

ⓒ এককের সাহায্যে ভিন্ন ভৌতরাশিগুলির মধ্যে সম্পর্ক প্রতিষ্ঠা করা যায়।

2. "কোণ একটি মাত্রাবিহীন ভৌতরাশি"— ব্যাখ্যা করো। লিটারের সংজ্ঞাতে 4°C বা 277k উষ্ণতা নির্দিষ্ট কেন?

দুটি একইজাতীয় রাশির অনুপাতকে মাত্রাহীন ভৌতরাশি বলে। মাত্রাহীন ভৌতরাশি মাত্রই একক বিহীন রাশি হয় না। কোণ একটি মাত্রাহীন ভৌত রাশি, কিন্তু কোণের একক রেডিয়ান অর্থাৎ কোণের একক আছে। প্রকৃতপক্ষে কোণ হল বৃত্ত চাপ ও ব্যাসার্ধের অনুপাত।

$$\therefore\ \text{কোণ} = \frac{\text{বৃত্তচাপ}}{\text{ব্যাসার্ধ}}$$

$$= \frac{[L]}{[L]}$$

$$= 1$$

কোণের মাত্রা 1, তাই কোণ একটি মাত্রাহীন ভৌত রাশি।

এক কিলোগ্রাম জলের আয়তনকে 277 K অথবা 4° C উষ্ণতায় এক লিটার বলে।

তরল পদার্থের আয়তন পরিমাপের জন্য "লিটার" ব্যবহৃত হয়। জলের আয়তন ও ঘনত্ব বিভিন্ন উষ্ণতায় বিভিন্ন হয়। 4°C উষ্ণতা বা 277K উষ্ণতায় জলের ঘনত্ব সর্বাধিক। অন্য উষ্ণতায় জলের ঘনত্ব তুলনামূলক কম হয়। তাই 4°C উষ্ণতা বা 277K উষ্ণতায় জলের ঘনত্ব সবথেকে বেশি হওয়ায় এই নির্দিষ্ট উষ্ণতায় 1 কিলোগ্রাম জলের আয়তনকে 1 লি. বলা হয়।

3. তিনটি লব্ধ এককের উদাহরণ দাও যা একটি মাত্র মৌলিক একক দ্বারা গঠিত। একটি স্কেলার রাশি ও একটি ভেক্টর রাশির উদাহরণ দাও যারা দৈর্ঘ্য ও সময় এই মুল রাশিগুলির উপর নির্ভরশীল।

তিনটি লব্ধ একক হল—

ⓘ ডায়াপ্টর (m^{-1}), যা লেন্সের ক্ষমতার একক।

ⓘⓘ হার্ৎজ (S^{-1}), যা কম্পাঙ্কের একক।

iii অ্যাভোগ্যাড্রো ধ্রুবক (mol^{-1})।

উপরিলিখিত লব্ধ এককগুলি একটিমাত্র মৌলিক একক দিয়ে গঠিত।

'দ্রুতি' হল একটি স্কেলার রাশি যা দৈর্ঘ্য ও সময় এই দুটি মূল রাশির উপর নির্ভর করে গঠিত।

"বেগ" হল একটি ভেক্টর রাশি, যা দৈর্ঘ্য ও সময় এই দুই মূল রাশির উপর নির্ভরশীল।

4. সব ভৌতরাশির একক হয় না কেন? জলের আয়তন পরিমাপে 4°C উষ্ণতা লেখা প্রয়োজনীয় কেন?

দুটি একই জাতীয় রাশির অনুপাত হিসেবে প্রকাশিত ভৌত রাশি এককহীন হয়। এই রাশিগুলি, দুটি সমজাতীয় রাশির ভাগফল হিসেবে প্রকাশ পায়। ফলে অনুপাতটি শুদ্ধ হয়। বেশিরভাগ ক্ষেত্রে এই রাশিগুলির কোনো একক থাকে না। কোনো মৌলের পারমাণবিক গুরুত্ব হল মৌলের একটি পরমাণুর ভর ও একটি হাইড্রোজেন পরমাণুর ভরের অনুপাত। অর্থাৎ

মৌলের পারমাণবিক গুরুত্ব

$$= \frac{\text{মৌলের 1টি পরমাণুর ভর}}{\text{1 টি H পরমাণুর ভর}}$$

সাধারণত উষ্ণতা বৃদ্ধির সাথে সাথে পদার্থের আয়তন বৃদ্ধিপ্রাপ্ত হয়। কিন্তু ঘনত্ব হ্রাস পায়। 0°C উষ্ণতায় থাকা নির্দিষ্ট পরিমাণ জলের আয়তন উষ্ণতা বৃদ্ধির সাথে সাথে ক্রমশ কমতে থাকে। উষ্ণতা হ্রাস পেয়ে যখন 4°C হয় সেই সময় জলের ঘনত্ব সবথেকে বেশি হয় এবং জলের আয়তন সবথেকে কম হয়। কিন্তু জলের ব্যতিক্রান্ত প্রসারণের নিয়ম অনুসারে উষ্ণতা 4°C এর বেশি হতে থাকলে জলের আয়তন ক্রমশ বাড়তে থাকে ও জলের ঘনত্ব হ্রাস পেতে থাকে। জলের এই ব্যতিক্রম প্রসারণের জন্য জলের আয়তন পরিমাপে 4°C উষ্ণতার উল্লেখ করা আবশ্যক।

5. ভৌত রাশির মান ও অভিমুখ থাকলেই কী তাকে ভেক্টররাশি বলা যেতে পারে?

যে সমস্ত রাশির একটি নির্দিষ্ট মান ও দিক বা অভিমুখ থাকে, তাদের ভেক্টর রাশি বলা হয়। কোনো ভেক্টর রাশির যোগফল বা বিয়োগফল সাধারণ গাণিতিক নিয়মে সম্পন্ন হয় না। ভেক্টর রাশির যোগফল বা বিয়োগফল নির্ণয় করার জন্য সংযোজিত জ্যামিতিক নিয়মের প্রয়োজন। কোনো কোনো ভৌত রাশির নির্দিষ্ট মান এবং দিক বা অভিমুখ থাকলেও তাদের যোগফল এবং বিয়োগফল নির্ণয়ের জন্য জ্যামিতিক নিয়মের প্রয়োজন হয় না। যেহেতু ভেক্টররাশির যোগ নির্ণয়ে জ্যামিতিক নিয়ম আবশ্যক, তাই কোনো ভৌতরাশির নির্দিষ্ট মান এবং দিক থাকলেও তাদের ভেক্টর রাশি বলা যায় না। দুই বা তার বেশি তড়িৎ প্রবাহমাত্রার যোগফল সাধারণ নিয়মে সম্পন্ন হয়। কোনো জ্যামিতিক নিয়মের প্রয়োজনীয়তা নেই। তাই নির্দিষ্ট মান ও অভিমুখ থাকলেও তড়িৎ প্রবাহমাত্রা স্কেলার রাশি, ভেক্টর রাশি নয়।

6. প্রাথমিক এককগুলিকে মৌলিক একক বলার কারণ লেখো।

প্রাথমিক রাশিগুলি একে অপরের উপর নির্ভরশীল নয়। এরা নিরপেক্ষ হয়। প্রাথমিক এককগুলির সাহায্যে অপর ভৌতরাশির একক গঠন করা যায়। কোনো রাশির গুণফল বা ভাগফল হিসেবে মূল একক প্রকাশিত হয় না। দৈর্ঘ্য, ভর, সময়, উষ্ণতা, প্রবাহমাত্রা পদার্থের পরিমাণ ও দীপনপ্রাবল্য-এর একককে প্রাথমিক একক বলা হয়।

7. SI তে প্রমাণ মিটারের সংজ্ঞায় নির্দিষ্ট উষ্ণতা ও উপাদানের উল্লেখ প্রয়োজনীয় কেন?

উষ্ণতার হ্রাস বৃদ্ধির ফলে প্রতিটি ধাতব পদার্থের দৈর্ঘ্য হ্রাস বা বৃদ্ধি পায়। বিভিন্ন ধাতুর দৈর্ঘ্য প্রসারণ গুণাঙ্ক বিভিন্ন হয়। ফলে ধাতু বা ধাতু সংকর দিয়ে গঠিত কোনো পদার্থের দৈর্ঘ্য ভিন্ন ভিন্ন রূপে বৃদ্ধি বা হ্রাস পায়। তাই প্রমাণ মিটারের সংজ্ঞাতে নির্দিষ্ট উষ্ণতা ও উপাদানের উল্লেখ প্রয়োজনীয়।

8. (a) মেট্রিক পদ্ধতির ব্যবহার FPS পদ্ধতির তুলনায় সুবিধাজনক কেন?

(b) "2 কেজি চালের দাম 20 টাকা"—এই বাক্যে কোনটি ভৌতরাশি ও কেন?

(a) মেট্রিক পদ্ধতি সুবিধাজনক কারণ—

কোনো রাশির দশমিক বিন্দুর স্থান পরিবর্তন করে মেট্রিক পদ্ধতিতে এক একক থেকে অন্য একককে

যাওয়া যায়, কোনো গাণিতিক গুণ ভাগের প্রয়োজন হয় না।

(i) FPS পদ্ধতিতে একক পরিবর্তন তুলনামূলকভাবে অসুবিধাজনক। কারণ সংখ্যাগুলিকে 3, 12, 16, 28 ইত্যাদি সংখ্যা দ্বারা গুণ বা ভাগ করতে হয়।

(ii) দৈর্ঘ্য ও ভরের এককের সঙ্গে ডেসি, সেন্টি, কিলো, মেগা ইত্যাদি যুক্ত করে ছোটো বা বড়ো এককগুলি লেখা যায়, কিন্তু FPS পদ্ধতিতে যা সম্ভব নয়।

(b) "2 কেজি চালের দাম 80 টাকা"—এই বাক্যে চালের ভর হল 2 kg ভর পরিমাপযোগ্য ভৌত রাশি। চাল একটি পদার্থ এটি পরিমাপ করা যায় না। কিন্তু চালের পরিমাণকে তুলাযন্ত্রের সাহায্যে পরিমাপ করা যায়। তাই চাল ভৌতরাশি নয়, কিন্তু চালের পরিমাণ ভৌতরাশি।

9. আয়তন কাকে বলে? CGS ও SI পদ্ধতিতে আয়তনের একক লেখো।

ত্রিমাত্রিক দেশে কোনো পদার্থ বা বস্তুর যতটা জায়গা জুড়ে থাকে, তাকে ঐ পদার্থ বা বস্তুর আয়তন বলে।

S.I. পদ্ধতিতে আয়তনের একক ঘনমিটার (m^3)

C.G.S " " " ঘনসেন্টিমিটার (cm^3)

লিটার (L), মিলিলিটার (mL), ঘনডেসিমিটার (dm^3) ইত্যাদি হল আয়তনের অন্যান্য একক।

10. (i) পৃথক পৃথক মূল একক দিয়ে গঠিত তিনটি ভৌত রাশির নাম লেখো।

(ii) লীনতাপ ও আপেক্ষিক রোধের S.I একক কী?

(i) কিলোগ্রাম মিটার সেকেন্ড$^{-1}$ একক দ্বারাগঠিত ভৌতরাশি ভরবেগ।

কিলোগ্রাম মিটার সেকেন্ড$^{-2}$ দিয়ে গঠিত ভৌতরাশি বল।

কিলোগ্রাম মিটার^2 সেকেন্ড$^{-2}$ একক দিয়ে গঠিত ভৌতরাশি কার্য।

কিলোগ্রাম মিটার$^{-1}$ সেকেন্ড$^{-2}$ দিয়ে গঠিত ভৌতরাশি হল চাপ।

(ii) লীনতাপ-এর S.I. একক জুল/কেজি

আপেক্ষিক রোধের S.I. একক ওহম মিটার

11. মাইক্রন কী? মাইক্রনের ব্যবহার লেখো।

মাইক্রন বা মাইক্রোমিটার হল 1 মিটারের দশ লক্ষ ভাগের 1 ভাগ।

1 মাইক্রন হল 10^{-6}m।

(i) রক্তে RBC-এর ব্যাস পরিমাপ করতে মাইক্রন ব্যবহৃত হয়।

(ii) কোনো আণুবীক্ষণিক বস্তুর আকার পরিমাপ করতে ব্যবহৃত হয়।

(iii) মাইক্রনের সাহায্যে মানুষের চুলের ব্যাস পরিমাপ করা হয়।

12. কীভাবে একফোঁটা জলের আপাত আয়তন নির্ণয় করা যায়? ভালো তুলাযন্ত্রের বৈশিষ্ট্যগুলি কী?

একটি মাপনী চোঙের সাহায্যে একফোঁটা জলের আপাত আয়তন নির্ণয় করা যায়। প্রথমে সরু আকৃতির মাপনী চোঙের মধ্যে ড্রপারের সাহায্যে 100 ফোঁটা জল ফেলা হল। মাপনী চোঙের গায়ে দাগ থাকে, যা থেকে জলের আয়তন বোঝা যায়। ধরে নেওয়া যাক এই জলের আয়তন Vcc। তাহলে

একফোঁটা জলের আয়তন হবে $\frac{V}{100}$ cc

(i) তুলাযন্ত্রের বিভিন্ন অংশগুলি মজবুত হওয়া প্রয়োজন।

(ii) তুলাযন্ত্রটি অবশ্যই সুপ্রতিষ্ঠিত হতে হবে। যাতে তুলাদণ্ডটি সহজেই স্বাভাবিক জায়গায় ফিরতে পারে।

(iii) তুলাযন্ত্রের তুলাপাত্রে রাখা বস্তুর ভরের সামান্য পার্থক্যও নির্ভুলভাবে নির্দেশ করতে পারবে। অর্থাৎ তুলাযন্ত্রটি সুবেদী হবে।

(iv) তুলাপাত্রদুটি খালি অথবা সমপরিমাণ ভর থাকাকালীন তুলাদণ্ডটি অনুভূমিক থাকবে।

13. কোনো বস্তু যা মাপক চোঙে ঢুকবে না, তার আয়তন কীভাবে মাপবে?

কী কী ভরের বাটখারার সাহায্যে 35g ও 19g ভরের বস্তুর ভর পরিমাপ করবে?

একটি পার্শ্বনলবিশিষ্ট পাত্র নেওয়া হল। পাত্রটিকে তলা পর্যন্ত জল দিয়ে ভরে নেওয়া হল। এবার যে বস্তুটির আয়তন পরিমাপ করতে হবে, সেটাকে একটি মোমে ভেজানো সুতোতে বেঁধে জল ভরতি

পার্শ্বনলযুক্ত পাত্রে ডোবানো হল। বস্তুটি জলে ডোবানোর ফলে কিছু পরিমাণ জল পার্শ্বনল দিয়ে মাপনী চোঙে গিয়ে জমা হল। মাপনী চোঙে জমা জলের পাঠ নেওয়া হল, যা বস্তুটির আয়তনের সমান।

অর্থাৎ কোনো বস্তুর আয়তন = মাপনী চোঙে অপসারিত জলের আয়তন।

35g = (20g + 10g + 5g)

এবং 19mg = (10mg + 5mg + 2mg+2mg)

35g ও 19mg ভর মাপতে মোট ছয়টি বাটখারা প্রয়োজন।

35g ভর পরিমাপ করতে 20g, 10g এবং 5g এর বাটখারা লাগবে।

19mg ভর মাপতে 10mg, 5mg এবং 2mg বাটখারা লাগবে।

14. 76g লোহার আয়তন নির্ণয় করো। (লোহার ঘনত্ব 7.6g(cm³))

একটি বইয়ের 100 পৃষ্ঠা থেকে 600 পৃষ্ঠার বেধ স্কেলের সাহায্যে পরিমাপ করে দেখা যায় বেধ 80 mm। প্রতি পাতার গড় বেধ কত?

➢ লোহার ঘনত্ব $7{\cdot}6 g/cm^3$ দেওয়া আছে।

আমরা জানি আয়তন = $\frac{\text{ভর}}{\text{ঘনত্ব}}$

$= \frac{76\ g}{7.6 g/cm^3} = 10\ cm^3$

∴ 76g লোহার আয়তন $10\ cm^3$.

পৃষ্ঠার সংখ্যা = (600 –100) + 1 = 501

পাতার সংখ্যা = $\frac{501}{2} = 250{\cdot}5$

প্রতিটি পাতার বেধ = $\frac{80}{250.5}$ mm

= 31·3125mm.

15. কোণ ও কৌণিক ভরবেগের মাত্রীয় সংকেত নির্ণয় করো।

➢ কোণ = $\frac{\text{বৃত্তচাপ}}{\text{ব্যাসার্ধ}}$ অর্থাৎ $\frac{\text{দৈর্ঘ্য}}{\text{দৈর্ঘ্য}}$

∴ কোণ = [L]/[L]

= $[M^0L^0T^0] = 1$

∴ কোণ মাত্রাহীন প্রাকৃতিক রাশি।

কৌণিক ভরবেগ = রৈখিক ভরবেগ × দূরত্ব

$= [MLT^{-1}]\times[L]$

$= [ML^2T^{-1}]$

16. (i) 40 পিকোমিটারকে ন্যানোমিটারে প্রকাশ করো।

(ii) 5 কিমি/ঘণ্টা² ত্বরণকে সেমি/সেকেন্ড²-এ পরিবর্তিত করো।

➢ (i) 1 pico meter অর্থাৎ 10^{-12}m.

∴ 40 " " = 40×10^{-12}m

= 4×10^{-11} m

= $4 \times 10^{-11} \times 10^9$ nm

[যেহেতু 1nm = 10^{-9}m. ∴ 10^9nm = 1 m]

= $4\times10^{-11}\times10^9$

= 4×10^{-2}

= 4\100 = 0.04 nm.

(ii) ত্বরণ (x) = 5 কিলোমিটার/ঘণ্টা²

$= \frac{5\times1000\times100 \text{ সেমি}}{(3600 \text{ সেকেন্ড})^2}$

= 0.0386 cm/sec²

17. চাপের মাত্রীয় সমীকরণ নির্ণয় করো। তরলের ঘনত্ব 9 একক হলে 300 cc আয়তনে ভর কত হবে?

➢ আমরা জানি চাপ = $\frac{\text{বল}}{\text{ক্ষেত্রফল}}$

$= \frac{\text{বলের মাত্রীয় সংকেত}}{\text{ক্ষেত্রফলের মাত্রীয় সংকেত}}$

$= \frac{[M\ LT^{-2}]}{[L^2]}$

[আমরা জানি বল = ভর × ত্বরণ

$= [M]\times [LT^{-2}]]$

$= [ML^{-1}T^{-2}]$

চাপের মাত্রীয় সংকেত $[ML^{-1}T^{-2}]$

আম রা জানি ঘনত্ব = $\frac{\text{ভর}}{\text{আয়তন}}$

তাহলে ভর = ঘনত্ব × আয়তন

∴ তরলের ভর হবে = 9× 300 g.

= 2700 g.

300cc আয়তনে 9 একক ঘনত্ব যুক্ত তরলের ভর 2700g.

18. **(i) একটি অসমান বাহুযুক্ত তুলাযন্ত্রের একবার বাম ও একবার ডান তুলাপাত্রে কোনো বস্তুকে চাপিয়ে যথাক্রমে 30g ও 32·5g ভর পাওয়া গেল। বস্তুটির প্রকৃত ভর কত?**

(ii) কোনো আলাদা ভরযুক্ত তুলাপাত্রে কোনো বস্তুর ভর পাওয়া গেল যথাক্রমে 27g ও 26·5g তাহলে বস্তুটির প্রকৃত ভর কত?

(i) বাম তুলাপাত্র অর্থাৎ m_1 এর ভর = 30g

ডান তুলাপাত্র অর্থাৎ m_2 এর ভর = 32·5 g

∴ বস্তুটির প্রকৃত ভর (m) = $\sqrt{m_1 m_2}$

$$= \sqrt{30 \times 32.5}$$

$$= 31.22 \simeq 31 \text{ g}$$

(ii) তুলাপত্রের ভর আলাদা হলে,

$$\text{প্রকৃত ভর} = \frac{m_1 + m_2}{2}$$

$$= \frac{27 + 26.5}{2}$$

$$= 26{\cdot}75 \text{ g}$$

বিশেষ আগ্রহী ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন

1. যে-কোনো একটি মাত্রাশূন্য (**dimensionless**) প্রাকৃতিক রাশির নাম করো এবং দেখাও যে, রাশিটি মাত্রাশূন্য।

2. যদি বল (**F**), দৈর্ঘ্য (**L**) এবং সময় (**T**) মৌলিক রাশি হয়, তাহলে ভরের মাত্রা নির্ণয় করো।

3. **p** চাপ পার্থক্যের জন্য *l* দৈর্ঘ্য ও **r** ব্যাসার্ধবিশিষ্ট কোনো কৈশিক নলের মধ্য দিয়ে তরল প্রবাহের হার $V = \frac{\pi p r^4}{8\eta l}$ হলে η রাশিটির মাত্রা নির্ণয় করো।

4. যদি আলোর গতিবেগ (**c**), অভিকর্ষজ ত্বরণ (**g**) ও চাপ (**p**)-কে মূল একক ধরা হয়, তাহলে সর্বজনীন মহাকর্ষীয় ধ্রুবক (**G**)-এর মাত্রা নির্ণয় করো।

5. **X, Y** এবং **Z**— এই তিনটি ভৌত রাশির একক যথাক্রমে $g{\cdot}cm^2{\cdot}s^{-5}$, $g{\cdot}s^{-1}$ এবং $cm{\cdot}s^{-2}$ । **X, Y** এবং **Z**-এর মধ্যে সম্পর্কটি নির্ণয় করো।

6. **N** এককে প্রকাশিত কোনো মানকে **dyn** এককে পরিবর্তন করার রূপান্তর গুণক নির্ণয় করো।

7. তড়িৎপ্রবাহের পরিবর্তে তড়িৎবিভবকে যদি মূল রাশি হিসেবে ধরা হয় এবং তড়িৎবিভবের মাত্রা **V** যদি হয়, তবে তড়িৎপ্রবাহের মাত্রা নির্ণয় করো।

CHAPTERWISE MOCK TEST

শ্রেণি: নবম

বিষয়: ভৌতবিজ্ঞান

পরিমাপ

সময় : 60 মিনিট **পূর্ণমান: 30**

1. সঠিক বিকল্পটি নির্বাচন করো। $1 \times 5 = 5$

1.1 একককযুক্ত মাত্রাহীন রাশিটি হল—

(a) আপেক্ষিক গুরুত্ব (b) প্রতিসরাঙ্ক (c) ঘনকোণ (d) আলোর তীব্রতা

1.2 ঘনত্বের মাত্রীয় সংকেত—

(a) $[ML^{-2}]$ (b) $[ML^{-3}]$ (c) $[MLT^{-1}]$ (d) $[ML^{-3}T^{-2}]$

1.3 প্রদত্ত কোন্ রাশির একক ৩টি মৌলিক একক দ্বারা গঠিত?

(a) বেগ (b) ত্বরণ (c) দ্রুতি (d) বল

1.4 প্রদত্ত কোন্‌টি পরিমাপ করার জন্য চন্দ্রশেখর সীমা ব্যবহার করা হয়?

(a) ভর (b) ওজন (c) আয়তন (d) দৈর্ঘ্য

1.5 প্রদত্ত কোন্‌টি ভেক্টর রাশি?

(a) আয়তন (b) ভর (c) ক্ষেত্রফল (d) শক্তি

2. নীচের প্রশ্নগুলি অতি সংক্ষেপে উত্তর দাও। $1 \times 5 = 5$

2.1 শূন্যস্থান পূরণ করো।

মাত্রাবিহীন ভৌতরাশির মাত্রীয় সংকেত ______________।

অথবা, পৃষ্ঠটানের মাত্রীয় সংকেত ______________।

2.2 সত্য/মিথ্যা লেখো।

তড়িৎপ্রবাহমাত্রা একটি ভেক্টর রাশি।

অথবা, দুটি ভেক্টর রাশির অনুপাত একটি স্কেলার রাশি হয়।

2.3 ওজন বাক্সে বাটখারাগুলির অনুপাত কত থাকে?

2.4 SI এককে 4°C উষ্ণতায় জলের ঘনত্ব কত?

2.5 পারসেক এককের সাহায্যে কোন্ ভৌতরাশি পরিমাপ করা হয়?

অথবা, কোন্ ভৌতরাশির একক CGS ও SI পদ্ধতিতে একই থাকে?

3. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও। $2 \times 4 = 8$

3.1 লম্বন ত্রুটি কী?

3.2 খুব সুবেদী তুলাযন্ত্র সুস্থিত হয় না কেন?

অথবা, সাধারণ তুলাযন্ত্রের সুবেদীতা বলতে কী বোঝো?

3.3 তোমার বইয়ের একটি পাতার বেধ কীভাবে পরিমাপ করবে?

3.4 $E = mc^2$ সমীকরণটির সত্যতা মাত্রীয় সংকেতের সাহায্যে যাচাই করো।

অথবা, $v^2 = u^2 + 2as$ সমীকরণটির সত্যতা মাত্রীয় সংকেতের সাহায্যে যাচাই করো।

4. নীচের প্রশ্নগুলির উত্তর দাও। **$3 \times 4 = 12$**

4.1 স্তম্ভ মেলাও।

বামস্তম্ভ	ডানস্তম্ভ
1. 10^8 m/s	A. 1u
2. 10^{-15} m	B. পরমাণুর ব্যাসার্ধ
3. 10^{-16}	C. আলোর বেগ
4. 10^{-27}	D. সূর্যের ভর
5. 10^{30}	E. অ্যাভোগ্যাড্রো সংখ্যা
6. 10^{23}	F. নিউক্লিয়াসের ব্যাসার্ধ

4.2 নিম্নের নিয়মগুলি মেনে শব্দছক পূরণ করো।

পাশাপাশি

1. দৈর্ঘ্য পরিমাপের বৃহত্তম একক
2. জলীয় বাষ্প ঘনত্ব মাপার যন্ত্র

উপর-নীচে

গ্রিনিজের সময় সঠিকভাবে যে ঘড়ির সাহায্যে মাপা হয়



4.3 একটি অসম আকৃতির পাথরের আয়তন কীভাবে মাপবে?

4.4 একটি জলের ফোঁটার আয়তন কীভাবে মাপবে?

এই অধ্যায়ের প্রশ্নপত্রের উপর পরীক্ষা দিয়ে সেই উত্তরপত্রের ছবি তুলে Learning App-এ আপলোড করে দিলেই ওই প্রশ্নপত্রের Model Answer ছাত্রছাত্রীরা ডাউনলোড করে নিতে পারবে। আরও জানতে Call করো এই নম্বরে— 9903985050